"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"

# আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ

# ASHUGANJ POWER STATION COMPANY LTD.

(An Enterprise of Bangladesh Power Development Board)

ISO 9001:2015, ISO: 14001:2015 & ISO 45001:2018 Certified Management System.

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং: ২৭.২৫.১২৩৩.২১১.১১.০০৩.১৮(এড-২).৫২০

তারিখঃ ০৭ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

# CAREER OPPORTUNITY

## চাকুরীর আবেদনের সময়সীমা বৃদ্ধিকরণ

গত ০৫ মার্চ ২০২০ খ্রিঃ তারিখে এপিএসসিএল-এর স্মারক নং: ২৭.২৫.১২৩৩.২১১.১১.০০৩.১৮(এড-১).২৩৬, মোতাবেক **সহকারী শিক্ষক (ধর্ম), সহকারী শিক্ষক (গার্হস্থ্য অর্থনীতি), জুনিয়র শিক্ষক (বাংলা), জুনিয়র শিক্ষক (ইংরেজী), জুনিয়র এ্যাসিসটেন্ট (হিসাব/অর্থ)** এবং **নিরাপত্তা প্রহরী** পদে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে Online-এ আবেদনপত্র ও ফি জমাদানের শেষ তারিখ ও সময় ছিল ৩১ মার্চ ২০২০ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত। করোনা (কোভিড-১৯) সংক্রমণের কারণে গত ২৬ মার্চ ২০২০ থেকে ৩০ মে ২০২০ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করায় উল্লিখিত পদসমূহে আবেদনের মেয়াদ আগামী ২৫ আগস্ট ২০২০ খ্রিঃ থেকে ০৩ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত বর্ধিত করা হলো। ইচ্ছুক প্রার্থীগণ এপিএসসিএল-এর ওয়েবসাইট http://www.apscl.gov.bd এবং টেলিটক এর ওয়েবসাইট http://apscl.teletalk.com.bd এর মাধ্যমে আবেদনপত্র পূরণ করতে পারবেন। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

**(মোহাম্মদ এনামুল হক)**
ব্যবস্থাপক (এইচআরএম)
**যোগাযোগ:** ০১৭১৩২৮৬৩৬৩, Email: hrm@apscl.com

"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"

# আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ

# ASHUGANJ POWER STATION COMPANY LTD.

(An Enterprise of Bangladesh Power Development Board)

ISO 9001:2015, ISO: 14001:2015 & ISO 45001:2018 Certified Management System.

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং: ২৭.২৫.১২৩৩.২১১.১১.০০৩.১৮(এড-১).২৩৬

তারিখঃ ২১ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ (এপিএসসিএল) বাংলাদেশের সর্ববৃহৎ বিদ্যুৎ উৎপাদন প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের বিভিন্ন পদে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে নিম্নেবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহবান করা যাইতেছে।

| ক্রমিক নং | পদের নাম, সংখ্যা ও প্রারম্ভিক মূলবেতন | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১ | **সহকারী শিক্ষক (ধর্ম)**<br>(পদ: ১টি)<br>মূল বেতন: ২৮,০০০/- | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে<br>ক. আরবী বা ইসলাম শিক্ষা বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>খ. আরবী বা ইসলাম শিক্ষা বিষয়সহ স্নাতক অথবা ফাজিল/সমমান ডিগ্রি অথবা স্নাতকোত্তর ডিগ্রি;<br>Master's of Education (M.Ed.) অথবা Bachelor of Education (B.Ed.) অথবা Diploma in Education (Dip. In Ed) ডিগ্রি/ডিপ্লোমাধারীগণ অগ্রাধিকার পাবেন। |
| ২ | **সহকারী শিক্ষক (গার্হস্থ অর্থনীতি)**<br>(পদ: ১টি)<br>মূল বেতন: ২৮,০০০/- | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে<br>ক. গার্হস্থ অর্থনীতি বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর ডিগ্রি;<br>Master's of Education (M.Ed.) অথবা Bachelor of Education (B.Ed.) অথবা Diploma in Education (Dip. In Ed) ডিগ্রি/ডিপ্লোমাধারীগণ অগ্রাধিকার পাবেন। |
| ৩ | **জুনিয়র শিক্ষক (বাংলা)**<br>(প্রাইমারি সেকশন)<br>(পদ: ১টি)<br>মূল বেতন: ২৬,০০০/- | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে<br>ক. বাংলা বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>খ. নৈর্বাচনিক বিষয় বাংলাসহ শিক্ষা বিষয়ে ৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>অথবা<br>গ. স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রী;<br>Master's of Education (M.Ed.) অথবা Bachelor of Education (B.Ed.) অথবা Diploma in Education (Dip. In Ed) ডিগ্রি/ডিপ্লোমাধারীগণ অগ্রাধিকার পাবেন।<br>**শুধমাত্র মহিলা প্রার্থীরা আবেদন করবেন।** |
| ৪ | **জুনিয়র শিক্ষক (ইংরেজি)**<br>(প্রাইমারি সেকশন)<br>(পদ: ১টি)<br>মূল বেতন: ২৬,০০০/- | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে<br>ক. ইংরেজি বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>খ. নৈর্বাচনিক বিষয় ইংরেজিসহ শিক্ষা বিষয়ে ৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>অথবা<br>গ. স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের ইংরেজিসহ স্নাতক ডিগ্রী;<br>Master's of Education (M.Ed.) অথবা Bachelor of Education (B.Ed.) অথবা Diploma in Education (Dip. In Ed) ডিগ্রি/ডিপ্লোমাধারীগণ অগ্রাধিকার পাবেন।<br>**শুধমাত্র মহিলা প্রার্থীরা আবেদন করবেন।** |
| ৫ | **জুনিয়র এসিসট্যান্ট (হিসাব/অর্থ)**<br>(পদ: ১টি)<br>মূল বেতন: ২০,০০০/- | ক. এইচএসসি (ব্যবসায় শিক্ষা) বা সমমান ডিগ্রি;<br>খ. কমপিউটার (MS Word, MS Excel) চালনায় পারদর্শী হতে হবে। বাংলা ও ইংরেজী টাইপিং দক্ষতা অত্যাবশ্যক।<br>গ. কর্মস্থল: আশুগঞ্জ/পটুয়াখালী |
| ৬ | **নিরাপত্তা প্রহরী**<br>(পদ: ৩টি)<br>মূল বেতন: ১৪,৫০০/- | ক. এসএসসি বা সমমান ডিগ্রি;<br>খ. শারীরিক যোগ্যতা: উচ্চতা (৫ ফুট ৬ ইঞ্চি, ওজন: B.M.I চার্ট অনুযায়ী প্রার্থীকে ফিট থাকতে হবে, বুকের মাপ: ৩২ ইঞ্চি, আই ভিশন: ৬/৬)।<br>গ. প্রশিক্ষণপ্রাপ্ত সাবেক সেনাবাহিনী/বিজিবি/পুলিশ/আনসার এর সদস্যগণ নিয়োগের ক্ষেত্রে অগ্রধিকার পাবেন এবং এইক্ষেত্রে তাদেরকে অভিজ্ঞতা সনদ/এনওসি সনদপত্র প্রদান করতে হবে।<br>ঘ. কর্মস্থল: আশুগঞ্জ/পটুয়াখালী |

**ফ্রিঞ্জ বেনিফিট/সুবিধা:**

১. ফ্রিঞ্জ বেনিফিট/সুবিধার মধ্যে রয়েছে মূল বেতন, পাওয়ার স্টেশন ভাতা ২৫%, নিয়মিত আবাসন বা সংস্থার বিধি অনুসারে বাড়ি ভাড়া ভাতা, দুটি উৎসব ভাতা, নববর্ষ ভাতা, মেডিকেল ভাতা, শিক্ষা ভাতা, সিপিএফ, গ্র্যাচুইটি এবং কোম্পানির বিধি অনুসারে অন্যান্য ফ্রিঞ্জ বেনিফিট প্রাপ্য হবেন।


**CORPORATE OFFICE**
Navana Rahim Ardent (Level-8)
185 Shahid Syed Nazrul Islam Sarani, Bijoy Nagar, Dhaka.
Phone : +880-02-9330915
Fax : +880-02-9330918
E-mail : apscl@apscl.com

**ASHUGANJ POWER STATION COMPANY LTD.**
Ashuganj, Brahmanbaria-3402
Phone : +880-8528 74004
Fax : +880-8528-74014, 74044
Web : www.apscl.gov.bd

২. প্রাথমিকভাবে শিক্ষানবিশ (Probationar) হিসাবে নিয়োগপত্র ০১ (এক) বছরের জন্য প্রদান করা হবে এবং শিক্ষানবিশ কালের সন্তোষজনক মূল্যায়নের ভিত্তিতে শিক্ষানবিশ কাল ০১ (এক) বছরসহ ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ নিশ্চিত করা হবে। প্রতি ০৩ (তিন) বছর পর সন্তোষজনক মূল্যায়নের ভিত্তিতে চুক্তি নবায়ন করা হবে। অবসর গ্রহণের বয়স ৬০ (ষাট) বছর।

**শর্তাবলীঃ**

১. বয়সসীমা: ৩১ জানুয়ারি ২০২০ পর্যন্ত বয়স ৩০ বছর (মুক্তিযোদ্ধা কোটায় প্রার্থীদের বয়স ৩২ বছর)। নিরাপত্তা প্রহরী পদে প্রশিক্ষণপ্রাপ্ত সাবেক সেনাবাহিনী/বিজিবি/পুলিশ/আনসার এর সদস্যগণের ক্ষেত্রে বয়সসীমা ৪২ বছর।

২. **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

৩. **শিক্ষাগত যোগ্যতা:** কোন পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ অথবা সিজিপিএ ৪.০০ এর স্কেলে ন্যূনতম ২.৫০ অথবা সিজিপিএ ৫.০০ এর স্কেলে ন্যূনতম ৩.৫০।

৪. নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল পদের প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৫০০/- টাকা টেলিটক প্রিপেইড মোবাইল মারফত SMS এর মাধ্যমে জমা প্রদান করবেন।

৫. অনলাইনে আবেদন করার লিংক এপিএসসিএল এর ওয়েবসাইটে http://www.apscl.gov.bd এবং টেলিটক এর ওয়েবসাইটে http://apscl.teletalk.com.bd পাওয়া যাবে।

৬. কোন সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত/বিদ্যুৎ সেক্টর প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের কাগজ মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৭. মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৮. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা/বিধি-বিধান অনুসরণ করা হবে।

৯. যে কোন প্রকার তদবীর/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।

১০. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র এবং নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। উল্লেখিত পদের সংখ্যা কম/বেশী হতে পারে।

**(মোহাম্মদ এনামুল হক)**
ব্যবস্থাপক (এইচআরএম)
**যোগাযোগ:** ০১৭১৩২৮৬৩৬৩, Email: hrm@apscl.com

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://apscl.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৯ মার্চ, ২০২০ খ্রি:, সকাল ১০.০০টা।

ii. Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১ মার্চ, ২০২০ খ্রি:, বিকাল ৫.০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া

থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০০/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: APSCL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example: APSCL ABCDEF***

*Reply: Applicant's Name, Tk.500. will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type APSCL<Space>Yes<Space>PIN and send to 16222.*

দ্বিতীয় SMS: APSCL<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example: APSCL YES 12345678***

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for APSCL Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://apscl.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে** (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;**

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে APSCL<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: APSCL Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: APSCL<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: APSCL Help PIN 12345678 & send to 16222.

ঝ. নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত নং-৬ এ উল্লিখিত (Persons working in APSCL (Concerned Departmental Candidates), Government, Semi-government, Autonomous, Public Limited Company or Power Sector Organizations) প্রার্থীদের ক্ষেত্রে দাপ্তরিক অনুমোদন কপি মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

**প্রার্থীর যোগ্যতা যাচাইঃ**

ক. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে অথবা বিজ্ঞপ্তিতে চাওয়া শর্তের সাথে অসামঞ্জস্যপূর্ণ তথ্য পাওয়া গেলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উর্ত্তীণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

খ. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন বা মাদকাসক্ত হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরুপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

**বিবিধঃ**

পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য ও নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) এপিএসসিএল'র নিজস্ব ওয়েবসাইট www.apscl.gov.bd এ পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।